অলস বসে না থেকে পরিশ্রমী হোন

☀ কোন মুসলিমের হাত-পা গুঁটিয়ে অলস বসে থাকার কোন সুযোগ নেই। বরং মুসলিম মানেই পরিশ্রমী, কর্মঠ। প্রত্যেক মুসলিমকে তার সামর্থ্য অনুযায়ী সৎ কর্মের প্রতি মননিবেশ করা উচিত। একথা সত্য যে নিরলস পরিশ্রম ব্যতীত সফলতা অর্জন করা প্রায় অসম্ভব। গাছ না লাগিয়ে যেমন ফল খাওয়ার কথা চিন্তা করা যায় না, তেমনি পরিশ্রম ব্যতীত সফলতা অর্জনের কথা কল্পনাও করা যায় না। একজন মুসলিম পরিশ্রমী হবে এ কথা ঠিক। তবে তার এই পরিশ্রমী হওয়ার মানে তখনই সার্থক হবে যখন সে নিজেকে একজন সৎকর্মশীল হিসেবে গড়ে তুলবে। অপরদিকে অসৎ ব্যক্তি যতই পরিশ্রমী হোক না কেন, তার শ্রম সাধনার কোন সার্থকতা নেই। কেন না তার এই শ্রম প্রকারন্তরে মানুষের ক্ষতি করছে। তাই প্রত্যেক মুসলিমকে সব সময় এ কথা মনে রাখা উচিত যে তাকে সৎকর্মশীল পরিশ্রমী হতে হবে। তবেই তার দ্বারা দশের উপকার হবে। একজন সৎকর্মশীল ব্যক্তি হাজারটা অসৎ কর্মশীল ব্যক্তি অপেক্ষা শ্রেয়।

মুসলিমরা হচ্ছে বীরের জাতি। আল্লাহ্ তা'আলা মুসলিমদের সম্মানিত করেছেন। তাই মুসলিমদের কখনই হাত-পা গুঁটিয়ে অলস বসে থাকলে চলবে না। ইসলামের স্বার্থেই তাকে পরিশ্রমী হতে হবে। তার পরিবার, সমাজ ও রাষ্ট্রের স্বার্থেই তাকে অনেক পরিশ্রমী হতে হবে। তবেই তার কাছ থেকে সফলতা আশা করা যায়। আর একজন সফল মুসলিমের কাছ থেকেই ইসলামের কল্যাণে কাজ করার কথা আশা করা যায়। হে ভাই একটু ভালোভাবে খেয়াল করুন তো, যদি আপনি পরিশ্রম না করে অহেতুক বসে থাকেন, তবে আপনি কিভাবে আয়-উপার্জন করবেন? আর আয়-উপার্জন না করলে কিভাবে আপনি ইসলামের কল্যাণে অর্থ-সম্পদ ব্যয় করবেন? তাই প্রত্যেক মুসলিমের একথা মনে রাখা উচিত যে দ্বীনের কল্যাণের জন্যই আমাদেরকে সৎকর্মশীল উপার্জনক্ষম হতে হবে। তবেই আমরা ইহকাল ও পরকালে কামিয়াব হতে পারবো ইনশা আল্লাহ্।

পরিশেষে আল্লাহ্ তা'আলার কাছে দোয়া করি, তিনি যেন আমাদেরকে কথাগুলো বোঝার তাওফিক দান করেন। আমিন ইয়া রব্বাল আলামিন ☀